



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ট্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanachaybank.gov.bd



স্মারক নং- পসব্য/প্রকা/পরি-২২/২০২০-২১/ ২৩৬২


তারিখঃ ০৬/১২/২০২০

বিষয়ঃ সদস্যদের সাথে যোগাযোগের অভাবে মেয়াদোত্তীর্ণ হওয়া ঋণের অতিরিক্ত সুদ পরিশোধ এবং মাসিক আদায় নিশ্চিতকরণ প্রসঙ্গে।

পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে সুবিধাবঞ্চিত দরিদ্র মানুষের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে নিজ নিজ বাড়িতে উৎপাদনক্ষম ছোট ছোট খামার গড়ে তোলার জন্য স্বল্পসুদে ঋণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। শাখা পর্যায়ে এই ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনায় মাঠসহকারীগণ দায়িত্ব পালন করে আসছেন। মাঠসহকারীগণ সমিতির উঠান বৈঠকে মাসিক কিস্তি আদায়ের মাধ্যমে সদস্যদের সাথে লেনদেন কার্যক্রম সম্পন্ন করবেন এমনটাই প্রত্যাশিত। কিন্তু উদ্বেগের সাথে দেখা যাচ্ছে অনেক মাঠসহকারী নিয়মিতভাবে উঠান বৈঠক উপস্থিত থাকেন না বা সদস্যদের সাথে কোন প্রকার যোগাযোগ করেন না। ফলে খেলাপি ঋণের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। মাঠ পরিদর্শনকালে এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে কোন কোন মাঠ সহকারী/ফিল্ড সুপারভাইজার কোন কোন ক্ষেত্রে ০২ মাস হতে এক বছরের মধ্যেও সদস্যদের সাথে যোগাযোগ করেন না। এক্ষেত্রে সদস্যগণ নিয়মিত কিস্তি দিয়ে ঋণ পরিশোধ করতে না পারায় তাঁদের ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে পড়ছে এবং এই ঋণের বাড়তি সুদ পরিশোধ করতে তাঁরা অপারগতা প্রকাশ করছেন। এমন পরিস্থিতিতে সৃষ্ট অনিয়মের দায়দায়িত্ব মাঠ সহকারী এবং সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারের উপর বর্তায়। এ অবস্থা নিরসনে নিম্নোক্তভাবে নির্দেশ জারী করা হলোঃ

- ১) কোন মাঠ সহকারীর বিরুদ্ধে যদি এমন অভিযোগ এবং প্রমান পাওয়া যায় যে শুধুমাত্র মাঠ সহকারীর দায়িত্ব অবহেলার কারণে কোন সদস্য সময়মত কিস্তির অর্থ পরিশোধ করতে পারেননি এবং তজ্জন্য সদস্যের গৃহীত ঋণের উপর অতিরিক্ত সুদ আরোপিত হয়েছে তাহলে অতিরিক্ত সুদের টাকা সংশ্লিষ্ট মাঠ সহকারী ও তার সুপারভাইজারের বেতন হতে উক্ত বাড়তি অর্থ আদায় করতে হবে;
- ২) এখন থেকে মাঠ সহকারীগণ নিয়মিতভাবে প্রতি মাসে সদস্যদের সাথে বৈঠক করে কিস্তি এবং সঞ্চয় আদায় করবেন। কোন অনিবার্য কারণে কোন সদস্য কিস্তি প্রদানে অপারগতা প্রকাশ করলে ন্যূনতম হলেও সঞ্চয় আদায় করে পাশ বইয়ে এন্ট্রি দিয়ে তারিখসহ স্বাক্ষর করবেন।

বিষয়টি অতীব জরুরি।


আকবর হোসেন

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

সকল জুনিয়র অফিসার (মাঠ) ও
মাঠ সহকারী
সকল শাখা
পল্লী সঞ্চয় ব্যাংক

সদয় অবগতির অবগতির জন্য ;

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
২. প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
৩. মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
৪. ঋণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রধান কার্যালয়।
৫. জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল জেলা), শাখা পরিদর্শনে গিয়ে সহকর্মীদের পত্র অবহিতকরণের বিষয়টি নিশ্চিত হওয়াসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৬. শাখা ব্যবস্থাপক (সকল উপজেলা), সকল সহকর্মীদের অবহিত করে স্বাক্ষর গ্রহণ সাপেক্ষে পত্রটি সংরক্ষণ করবেন, এবং যথাযথ বাস্তবায়নে উদ্যোগী হবেন।
৭. অফিস নথি।